

বর্ডার গার্ড বাংলাদেশ  
প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ০৬ জানুয়ারি ২০১৯

**বিজিবি'র অভিযানে ২০১৮ সালে ৯০৩ কোটি ৭৪ লক্ষাধিক টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ**

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ২০১৮ সালে (জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত) দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ৯০৩ কোটি ৭৪ লক্ষ ০২ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে। আটককৃত মাদকের মধ্যে রয়েছে ১,২৬,৫৮,৫১৮ পিস ইয়াবা ট্যাবলেট, ৩,৫৯,১৫০ বোতল ফেনসিডিল, ৭৯,২৮৬ বোতল বিদেশী মদ, ৪,৬০৮ লিটার বাংলা মদ, ৩৬,৪৩৫ ক্যান বিয়ার, ১৩,৬৮২ কেজি গাঁজা, ৩৩ কেজি ৩৫১ গ্রাম হেরোইন, ৮,৩৪,৬৯৫ পিস এনেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ১৯,৪৪৮টি নেশাজাতীয় ইনজেকশন এবং অন্যান্য ট্যাবলেট ৪৭,০৩,৮২৪ পিস। জব্দকৃত অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ১৯৫ কেজি ৭৮৯ গ্রাম স্বর্ণ, ৯৩,৮০০টি শাড়ী, ২৬,০৮৫টি শ্বিপি/শার্টপিস, ১,১৮,৮৩৬ মিটার খান কাপড়, ৪৩,০৫৯টি তৈরী পোশাক, ২,৩৮,৫০২ সিএফটি কার্ট ও ৭২,৪৭৯ কেজি চা পাতা। একই সময়কালে উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ৬৩টি পিস্তল, ৮টি ওয়ান সুটার গান, ৪টি একনলা পিস্তল, ১টি একে-৪৭ রাইফেল, ৩টি রিভলবার, ১০টি এয়ার পিস্তল, ১১টি এয়ার গান, ৩টি পাইপ গান, ০৮টি ওয়ান সুটার পিস্তল, ০১টি দুইনলা বন্দুক, ৭৬টি ম্যাগাজিন, ৩৭২ রাউন্ড গুলি, ৫৬টি ককটেল, ১২টি বিভিন্ন প্রকারের বোমা, ৫০৪ কেজি সালফার, ১০টি 'নিউজেল-৯০' (বিস্ফোরক), ১৭টি ডেটোনেটর, ২৮ কেজি ১০০ গ্রাম গান পাউডার। বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ২,৭০৫ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ১,৩১৬ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে।